

উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়
রোগ ও পোকার সতর্কীকরণ প্রকল্প
Disease and Pestilence Warning System
পুন্ডিবাড়ি, কোচবিহার

বোরো ধানের ছত্রাক জনিত বাদামি দাগ ও ঝলসা রোগ এবং ব্যাকটেরিয়া জনিত ঝলসা রোগ প্রতিরোধে আমাদের পরামর্শ

বর্তমান পরিস্থিতিতে আমাদের জেলাতে বোরো ধানের বিভিন্ন প্রকার ছত্রাক জনিত এবং ব্যাকটেরিয়া জনিত রোগ সংক্রমণ প্রতিরোধের জন্য কৃষক বন্ধুদের নিম্নলিখিত পরামর্শ গুলি অনুসরণ করার জন্য অনুরোধ করা হচ্ছে:

১) ছত্রাক জনিত বাদামি দাগ ও ঝলসা রোগ প্রতিরোধের জন্য নিম্নলিখিত পদ্ধতি গুলি অবলম্বন করুন:

- মাঠে ধানের গোড়া খড়কুটো গভীরভাবে চাষ দিয়ে মাটির সঙ্গে ভালোভাবে মিশিয়ে দিতে হবে।
- বপনের আগে প্রথমে ৮ ঘন্টা ঠান্ডা জলে বীজ ভিজিয়ে রাখুন এরপর ৫২-৫৪ ডিগ্রি সেন্টিগ্রেড উষ্ণতা যুক্ত জলে ১০-১২ মিনিট রেখে তুলে নিন এবং ছায়া যুক্ত অঞ্চলে শুকিয়ে নিয়ে বপন করুন।
- বীজতলায় বীজ বোনার আগে প্রতি লিটার জলে ১৬৫ গ্রাম লবন গুলে ধান বীজ ভিজিয়ে রাখলে অপুষ্ট রোগাক্রান্ত বীজ জলে ভেসে উঠবে এবং অপেক্ষাকৃত পুষ্ট বীজ জলের নীচ থেকে সংগ্রহ করে ছায়ায় শুকিয়ে বীজ তলায় ফেলা উচিত।
- রাসায়নিকভাবে বীজ শোধনের জন্য প্রতি ১.৫ লিটার জলে ১.৫ গ্রাম ট্রাইসাইক্লোজোল অথবা ৩ গ্রাম কার্বেন্ডাজিম মিশিয়ে প্রতি কেজি পুষ্ট বীজ ১০-১২ ঘন্টা ভিজিয়ে রেখে শোধন করতে হবে এবং তারপর বীজতলা থেকে চারা তোলার ৭ দিন আগে ট্রাইসাইক্লোজোল জাতীয় ওষুধ ১ মিলি. প্রতি লিটার জলে গুলে স্প্রে করলে ভালো ফল পাওয়া যাবে।
- মূল জমিতে চারা রোপনের আগে বিঘা প্রতি ১০ কেজি ইউরিয়া, ৪০-৪৫ কেজি সিঙ্গল সুপার ফসফেট এবং ৮-১০ কেজি মিউরেট অফ পটাশ ব্যবহার করতে হবে। চারা রোপনের ৩ সপ্তাহের মাথায় ১০ কেজি ইউরিয়া এবং ৬ সপ্তাহের মাথায় আরো ১০ কেজি ইউরিয়া ও ৪ কেজি মিউরেট অফ পটাশ চাপান হিসাবে প্রয়োগ করতে হবে।
- কার্বেন্ডাজিম ১ গ্রাম বা ম্যানকোজেব ১ গ্রাম প্রতি লিটার জলের সঙ্গে মিশিয়ে স্প্রে করলে ঝলসা রোগ দমন করা সম্ভব।

২) ব্যাকটেরিয়া জনিত ঝলসা রোগ প্রতিরোধের জন্য নিম্নলিখিত পদ্ধতি গুলি অবলম্বন করুন:

- ১ গ্রাম স্ট্রেপ্টোমাইসিন ১০ লিটার জলে গুলে সেই দ্রবণে ধান বীজ ৮-১০ ঘন্টা ভিজিয়ে রাখতে হবে অথবা মূল জমিতে রোয়া লাগানোর আগে তার শেকড়গুলি ২০ মিনিটের জন্য স্ট্রেপ্টোমাইসিন দ্রবণে (১ গ্রাম প্রতি ১০ লিটার জলে) ভিজিয়ে রাখুন এবং তারপর সেগুলিকে তুলে নিয়ে ছায়ায় শুকিয়ে জায়গায় বাতাসে শুকিয়ে নিয়ে লাগান।
- জমিতে ব্যাকটেরিয়া জনিত ঝলসা রোগ দেখা মাত্রই কপার হাইড্রক্সাইড ২.৫ গ্রাম প্রতি লিটার জলে গুলে স্প্রে করুন।

প্রয়োজনে কৃষি বিশ্ববিদ্যালয়ের অধীন রোগ ও পোকার সতর্কীকরণ প্রকল্প (Disease and Pestilence Warning System) এর সাথে যুক্ত বিজ্ঞানীদের সঙ্গে যোগাযোগ করুন অথবা প্রতি জেলার কৃষি বিজ্ঞান কেন্দ্রের বিজ্ঞানীদের সঙ্গে যোগাযোগ করুন।

যোগাযোগ:

- ড: তপন কুমার হাত---মো: ৯৪৩৪৬৮৫৬৭০
ড: অয়ন রায় ----- মো: ৯৪৩৪৪৮৩৫৯৩
ড: নৃপেন্দ্র লস্কর---- মো: ৯৪৩৪৪৮৩৮৫৫
ড: সুরজিৎ খালকো--- মো: ৮৯০০৫১৬২২৯
ড: সত্যজিত হেমব্রম-- মো: ৯৮৭৪৮৬৮১৯১

গবেষণা অধিকর্তা
উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়
পুন্ডিবাড়ি, কোচবিহার